

# যায়যায়দিন

তারিখ ... 2-9-MAR 2012 ...  
নং ... ৯৫ ...

২৫৫৫

মাদ্রাসা স্থানান্তর

## চাঁপাইনবাবগঞ্জে প্রতিবাদ মিছিল, মানববন্ধন

চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি

চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার নারায়ণপুর দারুল-হেদা আলিম মাদ্রাসা স্থানান্তরের সিদ্ধান্তের প্রতিবাদে বুধবার শহরের শহীদ স্মৃতি হলের সামনে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন এলাকাবাসী। একই দাবিতে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করা হয়। এ সময় বক্তব্য রাখেন মাদ্রাসার প্রাক্তন ছাত্র আশরাফুল হক, মিজানুর রহমান, মামুনুর রশীদ প্রমুখ। মানববন্ধন শেষে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে গিয়ে শেষ হয়। পরে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সাইফুল ইসলামের মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দেয়া হয়।

স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, নারায়ণপুর ইউনিয়নের নারায়ণপুরঘোন, ডাকাতপাড়া ও দক্ষিণপাড়ার বিশাল চর এলাকায় যাত্র একটি শিক্ষাপ্রতিষ্ঠান দারুল হেদা আলিম মাদ্রাসা। বর্তমানে এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সংখ্যা ৫০০ জন। এই বিপুল পরিমাণ শিক্ষার্থীর কষ্ট বিবেচনা না করে স্থানীয় ইউপি চেয়ারম্যান মাদ্রাসাকে জের নিছক এলাকায় অর্থাৎ পদ্মা নদীর অপরাপড়ে স্থানান্তর করার সিদ্ধান্ত নিয়েছেন। মাদ্রাসাটি স্থানান্তর করা হলে পদ্মা নদী পার হয়ে সেখানে গিয়ে লেঙ্গাপড়া করতে দারুল অসুবিধার মুখে পড়বে শিক্ষার্থীরা। এতে অনেক দরিদ্র পরিবারের ছেলে মেয়েরা ঝরে পড়ার আশঙ্কা রয়েছে।